


## শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের ১০২০ কৃতী শিক্ষার্থী পেলেন ডিনস অ্যাওয়ার্ড

কামরূপ হাসান শাকিম

১০ নভেম্বর ২০১৯, ২০:২০

আপডেট: ১০ নভেম্বর ২০১৯, ২০:২০




শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের ১ হাজার ২০ কৃতী শিক্ষার্থীকে ডিনস অ্যাওয়ার্ড প্রদান করা হয়েছে। ছবি: লেখক

কৃতী শিক্ষার্থীকে ডিনস অ্যাওয়ার্ড প্রদান করা হয়েছে। ২০০১ থেকে ২০১৭ শিক্ষাবর্ষ পর্যন্ত—স্নাতক সম্মান পরীক্ষায় কৃতিত্বপূর্ণ ফলাফলের স্বীকৃতিস্বরূপ তাঁদের ডিনস অ্যাওয়ার্ড দেওয়া হয়।


শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয় (শেক্বি) কৃষি অনুষদের ১ হাজার ২০ জন

২৭ অক্টোবর বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় অডিটরিয়ামে কৃষিবিদ আ ফ ম বাহাউদ্দিন নাছিম প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই অ্যাওয়ার্ড প্রদান করেন।



বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড. কামাল উদ্দিন আহমদের সভাপতিত্বে অনুষ্ঠানে সহ-উপাচার্য ড. মো. সেকেন্দার আলী, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. আনোয়ারুল হক বেগ, কৃষি অনুষ্ঠানের ডিন ড. মো. ফজলুল করিম, ডা. শারমীন সুলতানা রীতা অনুষ্ঠানে বক্তব্য দেন।

ছাত্র পরামর্শ ও নির্দেশনা পরিচালক অধ্যাপক ড. মো. মিজানুর রহমানের সঞ্চালনায় অনুষ্ঠানে প্রধান অতিথি কৃষিবিদ আ ফ ম বাহাউদ্দিন নাছিম অ্যাওয়ার্ডপ্রাপ্ত শিক্ষার্থী ও তাঁদের অভিভাবকদের অভিনন্দন জানিয়ে বলেন, কৃতিত্বপূর্ণ সাফল্য অর্জনের জন্য মেধাবী শিক্ষার্থীদের অ্যাওয়ার্ড প্রাপ্তি নিজের ও তাঁদের পরিবারের জন্য একটি গৌরবের ব্যাপার। সত্য ও সুন্দরের বহিঃপ্রকাশ করে একটি সুন্দর মূল্যবোধ প্রতিষ্ঠা পায়। নাছিম আরও বলেন, পিতা-মাতার প্রতি যে দায়িত্ববোধ শিক্ষার্থীরা লালন করেন, একই রকম দায়িত্ববোধ মেধাবীদের কাছে আশা করে মাত্স্য এই প্রতিষ্ঠান শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়।



শেক্সের কেন্দ্রীয় অডিটরিয়ামে কৃষিবিদ আ ফ ম বাহাউদ্দিন নাহিম শিক্ষার্থীদের অ্যাওয়ার্ড প্রদান করেন। ছবি: লেখক

উপাচার্য ড. কামাল উদ্দিন আহমদ বলেন, ‘বিশ্ববিদ্যালয়ে যারা ভর্তি হয়, তারা সবাই মেধাবী। মেধার সঠিক চর্চা ও নিয়মিত অধ্যবসায় যদি কেউ না করে তাহলে সেই মেধার মূল্য থাকে না। শ্রেষ্ঠত্ব অর্জন করা সবার ভাগ্যে জোটে না। তারাই শ্রেষ্ঠত্ব অর্জন করে, যারা অনেক বেশি পরিশ্রম

করে। তবে শিক্ষার্থীরা শিক্ষার আলোয় আলোকিত না হলে এসব পুরস্কারের কোনো দাম নেই। শুধু নিজের জন্য নয়, সাধারণ মানুষের জন্য এই মেধার বিকাশ ঘটাতে হবে।'

শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের আড়ার গ্র্যাজুয়েট অর্ডিনেশ্যাল ২০০৩, রিভাইজড ২০০৫, রিভাইজড ২০০৮ এবং রিভাইজড ২০১৪-এর ধারা ২১ অনুযায়ী ২০০৩ থেকে ২০১৪ শিক্ষাবর্ষ পর্যন্ত প্রতি লেভেলের ১ম ও ২য় সেমিস্টারের প্রতিটিতে ন্যূনতম জিপিএ-৩.৭৫ এবং ২০১৫ থেকে ২০১৭ শিক্ষাবর্ষ পর্যন্ত ন্যূনতম জিপিএ-৩.৮০ অর্জনকারী মোট ১ হাজার ২০ জন শিক্ষার্থী ডিনস অ্যাওয়ার্ডপ্রাপ্ত হয়েছেন। এর মধ্যে ৫৫২ জন শিক্ষার্থী রেজিস্ট্রেশন করেছেন। ডিনস অ্যাওয়ার্ড অনুষ্ঠানে উপস্থিত হওয়ার জন্য রেজিস্টার্ড ৫৫২ জন শিক্ষার্থীকে আমন্ত্রণ জানানো হয়েছে। অবশিষ্ট ৪৬৮ জন শিক্ষার্থীর লিষ্ট বিজ্ঞাপিত হলে ডিন, কৃষি অনুমদি বরাবর ওপরে উল্লিখিত মানদণ্ড অনুযায়ী মার্কশিটসহ আবেদনপত্র জমা দিয়ে ডিনস অ্যাওয়ার্ড সার্টিফিকেট গ্রহণ করা যাবে।

অনুষ্ঠানে শিক্ষক সমিতির সভাপতি ড. মো. নজরুল ইসলামসহ বিভিন্ন অনুষদের ডিন, বিভিন্ন বিভাগের চেয়ারম্যান, শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী, শিক্ষার্থী ও অ্যাওয়ার্ডপ্রাপ্তদের অভিভাবকেরা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।